# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তাশাহ্হুদের বর্ণনা এবং তা পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ صِفَةِ التَّشَهُّدِ وَوُجُوبِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُبَشِّرٍ ، ثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ الْقَطَّانُ ، ثَنَا مُوسَى بْنُ دَاوُدَ ، ثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ أَبُو خَيْثَمَةَ عَنِ الْحَسَنِ بْنِ الْحُرِّ عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ قَالَ : أَخَذَ عَلْقَمَةُ بِيَدِي وَزَعَمَ أَنَّ ابْنَ مَسْعُودٍ أَخَذَ بِيَدِهِ وَزَعَمَ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَخَذَ بِيَدِهِ فَعَلَّمَهُ التَّشَهُّدَ " التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ " . ثُمَّ قَالَ : إِذَا قَضَيْتَ هَذَا أَوْ فَعَلْتَ هَذَا فَقَدْ قَضَيْتَ صَلَاتَكَ فَإِنْ شِئْتَ أَنْ تَقُومَ فَقُمْ وَإِنْ شِئْتَ أَنْ تَجْلِسَ فَاجْلِسْ

বাংলা

১৩০৭(১৩). আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... আল-কাসেম ইবনে মুখাইমিরা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আলকামা (রহঃ) আমার হাত ধরলেন এবং তিনি মনে করেন, ইবনে মাসউদ (রাঃ) তার হাত ধরেছিলেন এবং তিনি মনে করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরে তাকে তাশাহহুদ শিক্ষা দিয়েছেন। “আত্তাহিয়্যাতু লিল্লাহি... আবদুহু ওয়া রাসূলুহু”। (“সমস্ত সম্মান, ইবাদত, উপাসনা ও পবিত্রতা আল্লাহর জন্য। হে নবী! আপনার উপর শান্তি বর্ষিত হোক, আল্লাহর রহমত ও প্রাচুর্যও। আমাদের উপর এবং আল্লাহর সৎকর্মপরায়ণ বান্দাদের উপরও শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আমি আরো সাক্ষ্য দেই যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রাসূল”)। অতঃপর তিনি বলেনঃ যখন তুমি এটা পূর্ণ করলে অথবা তুমি এটা করলে, তখন তুমি তোমার নামায পূর্ণ করলে। এরপর তুমি চলে যেতে চাইলে যেতে পারো অথবা বসে থাকতে চাইলে বসে থাকতেও পারো।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাসিম ইবনে মুখাইমিরা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81096

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন